অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/5/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল রোচেস্টারে 72.3 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী হাউজিং প্রজেক্ট ঘোষণা করলেন

প্রজেক্টটি একটি খালি সাততলা অফিস ভবনকে 129টি সাশ্রয়ী বাড়িতে রূপান্তরিত করবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে রোচেস্টারে (Rochester) Gateway Apartments-এ নির্মাণ কাজ শুরু হয়েছে, এটি একটি 72.3 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্ট যা একটি খালি সাততলা অফিস ভবনকে 129টি সাশ্রয়ী বাড়িতে রূপান্তরিত করবে। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেটের (New York State) হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) মনরো (Monroe) কাউন্টিতে 6,000-এর বেশি সাশ্রয়ী বাড়ির তহবিল দিয়েছে , যার মধ্যে রোচেস্টারে 4,700-এর বেশি আছে। Gateway Apartments এই চেষ্টার ধারাবাহিকতায় হচ্ছে এবং এটি গভর্নরের 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের হাউজিং প্ল্যানের অংশ, যা পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণের পথে রয়েছে।

"Gateway Apartments-এর কাজ শুরু হওয়া দেখায় যে আমরা খালি ভবনকে নিউ ইয়র্কবাসীদের জন্য উন্নত মানের, এনার্জি-এফিশিয়েন্ট বাসস্থানে রূপান্তরের চিন্তা করলে কী সম্ভব হয়," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই নতুন ধরনের অফিস থেকে আবাসিকে রূপান্তর ডাউনটাউন রোচেস্টারের একটি খালি সম্পত্তিকে অতি প্রয়োজনীয় সাশ্রয়ী হাউজিংয়ে রূপান্তরিত করবে, যা কমিউনিটিকে জোরদার করবে, স্থানীয় উন্নয়নকে সমর্থন করবে এবং কর্মজীবী পরিবারগুলির জন্য সুযোগ বাড়াবে।"

Gateway Apartments হলো Housing Our Neighbors with Dignity Act (HONDA) পাশ হওয়ার পর নিউ ইয়র্ক সিটির (New York City) বাইরে নির্মাণ শুরু হওয়া HCR-এর প্রথম অফিস থেকে আবাসিকে রূপান্তর করার প্রজেক্ট, আইনটি খারাপ অবস্থায় থাকা বাণিজ্যিক সম্পত্তিকে সাশ্রয়ী হাউজিংয়ে রূপান্তরিত করার একটি পথ তৈরি করেছে। ডাউনটাউনের এই ভবনটি প্রথম 1905 সালে নির্মিত হয় এবং গত 20 বছর ধরে খালি ছিল।

Gateway Apartments এমন পরিবারের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে যাদের আয় এলাকার গড় আয়ের (Area Median Income) 80 শতাংশ পর্যন্ত, এবং এখানে স্টুডিও, এক বেডরুম এবং দুই বেডরুমের ইউনিটের মিশ্রণ থাকবে। আলাদা ধরনের ইউনিটগুলির অনেক ধরনের পরিবার, যেমন ডাউনটাউনে বাস করা ব্যক্তি বা ছোট পরিবারের জন্য উপযুক্ত হবে।

রোচেস্টারের সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে (Central Business District) অবস্থিত Gateway Apartments পাবলিক ট্রান্সপোর্টেশনের সহজেই অ্যাক্সেস দিবে, একই সাথে বাণিজ্যিক, খুচরা বিক্রির দোকান, স্বাস্থ্যসেবা, শিক্ষা এবং বিনোদনমূলক স্থাপনাগুলির কাছাকাছি হবে। এই প্রজেক্টটি HCR-এর East Main Street করিডরে বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে উঠছে, যার মধ্যে ঐতিহাসিক Harper's Corner-এর পুনর্জীবনও আছে।

Gateway Apartments হবে একটি সম্পূর্ণ ইলেকট্রিক ডেভেলপমেন্ট, যেখানে ENERGY STAR অ্যাপ্লায়েন্স এবং LED লাইটিং থাকবে। এতে থাকবে সম্পূর্ণ অ্যাক্সেসযোগ্য এবং অ্যাডাপ্টেবল অ্যাপার্টমেন্ট। চলাচল করতে সমস্যা থাকা বাসিন্দাদের জন্য তেরোটি ইউনিট থাকবে যেগুলি এবং সেন্সরি ডিজেবিলিটি সহ বাসিন্দাদের জন্য 6টি ইউনিট থাকবে।

SAA | EVI-এর নির্মাণ করা এই প্রজেক্টটি HCR-এর Federal Low Income Tax Credit প্রোগ্রামের সমর্থন পেয়েছে, যা প্রায় 25 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি তৈরি করবে বলে আশা করা যাচ্ছে, এছাড়াও আছে Middle Income Housing প্রোগ্রাম থেকে 18.5 মিলিয়ন মার্কিন ডলার, State Low Income Housing Tax Credit প্রোগ্রাম থেকে প্রায় 13.6 মিলিয়ন মার্কিন ডলার ইক্যুইটি , 4.1 মিলিয়ন মার্কিন ডলারের First Mortgage, এবং কমিউনিটি ইনভেস্টমেন্ট ফান্ড (Community Investment Fund) থেকে পাওয়া 850,000 মার্কিন ডলার। এই প্রজেক্টটি এছাড়াও HCR এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) একটি পার্টনারশিপ, Clean Energy উদ্যোগের তহবিল থেকে 3.4 মিলিয়ন মার্কিন ডলারের সহায়তা পেয়েছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development) তাদের Restore New York প্রোগ্রাম থেকে 2 মিলিয়ন মার্কিন ডলার দিচ্ছে। রোচেস্টার সিটি তাদের HOME প্রোগ্রামের মাধ্যমে 850,000 মার্কিন ডলার দিচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "Gateway Apartments হলো স্থানীয় হাউজিং চাহিদা পূরণে অ্যাডাপ্টিভ নতুন ব্যবহারের শক্তির একটি উদাহরণ এবং একই সাথে সাস্টেনেবল, সম্পূর্ণ সাশ্রয়ী বাসস্থান সরবরাহ করছে। এই ডেভেলপমেন্টের মাধ্যমে আমরা শুধু 129টি নতুন সাশ্রয়ী হাউজিং ইউনিট তৈরি করছি না, বরং রোচেস্টারের ডাউনটাউন কেন্দ্রকে শক্তিশালী করছি এবং ন্যায্য উন্নয়নের জন্য পুরো স্টেটে আমাদের লক্ষ্যকে অগ্রসর করছি। এই রূপান্তরমূলক প্রজেক্টে পার্টনারশিপের জন্য SAA | EVI-কে ধন্যবাদ। আমাদের হাউজিং সাপ্লাই বাড়াতে গভর্নর Hochul-এর (হোকল) সাহসী ভিশনের জন্য আমরা কৃতজ্ঞ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO, এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বে সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টগুলি হলো সার্বিক কমিউনিটি রূপান্তরকে সমর্থন করার ইনফ্রাস্ট্রাকচারের অংশ। অনেক দিন ধরে খালি থাকা এই অফিস ভবনকে Restore New York-এর তহবিলের সাহায্য দিয়ে 129টি ইউনিটে রূপান্তর করা রোচেস্টারের সেন্টার সিটির এলাকাগুলিকে শক্তিশালী করবে এবং বাসিন্দাদের নতুন সুযোগ তৈরি করবে।"

NYSERDA-এর প্রেসিডেন্ট এবং CEO Doreen M. Harris (ডোরিন এম হ্যারিস) বলেন, "আজকের কাজ শুরু হওয়া হলো উন্নত মানের, সাশ্রয়ী হাউজিং সাপ্লাই, যেখানে শুরু থেকেই এনার্জি এফিশিয়েন্ট ডিজাইন ব্যবহার করা হয়, তা পাওয়ার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। রোচেস্টারের Gateway Apartments-এর মতো প্রজেক্টের মাধ্যমে নিউ ইয়র্ক দেখাচ্ছে যে আধুনিক ক্লিন এনার্জি সমাধান ব্যবহার করে অব্যবহৃত ভবনগুলিকে নিরাপদ ও আধুনিক বাসস্থানে রূপান্তর করা হলে কী সম্ভব হতে পারে।"

স্টেটের সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন, "সাশ্রয়ী, স্থিতিশীল হাউজিং হলো প্রজন্মগত সম্পদ তৈরি এবং আমাদের কমিউনিটির সদস্যদের দারিদ্র্য থেকে বের করার চাবিকাঠি। Gateway Apartments প্রজেক্ট রোচেস্টারের অনেক বাসিন্দার জন্য রূপান্তরমূলক হবে এবং উন্নত মানের হাউজিংকে আগের থেকে আরো সহজলভ্য করবে। রোচেস্টারের হাউজিং চাহিদাকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাই, যেখানে প্রায় এক-তৃতীয়াংশ বাসিন্দা ফেডারেল দারিদ্র্যসীমার নিচে বাস করেন এবং হাউজিং খরচের কারণে আর্থিকভাবে চাপের মধ্যে আছেন।"

অ্যাসেম্বলির সদস্য Demond Meeks (ডিমন্ড মিকস) বলেন, "সাশ্রয়ী হাউজিং একটি নিরাপদ, প্রাণবন্ত এবং স্থিতিশীল কমিউনিটির ভিত্তি। Gateway Apartments-এ নির্মাণ কাজ শুরু হওয়া ডাউনটাউন রোচেস্টারের পুনরুজ্জীবন এবং আমাদের বাসিন্দাদের জন্য হাউজিং সুযোগ বাড়ানোর ক্ষেত্রে আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। অনেক দিন খালি থাকা একটি ভবনকে 129টি সাশ্রয়ী বাড়িতে রূপান্তরিত করার মাধ্যমে আমরা শুধু আমাদের গুরুত্বপূর্ণ হাউজিং চাহিদা পূরণ করছি না, বরং আমাদের শহরের কেন্দ্রকে নতুন জীবন দিচ্ছি। আমাদের অফিস এমন উদ্যোগকে সমর্থন করতে পেরে গর্বিত, যা টেকসই ইনফ্রাস্ট্রাকচারকে কর্মজীবী পরিবার ও ব্যক্তিদের জন্য সহজলভ্য, মানসম্মত হাউজিংয়ের সাথে মিলিত করে। আমরা ডাউনটাউন রোচেস্টারে বিনিয়োগ বাড়াতে গভর্নর Hochul-এর (হোকল) সাথে কাজ চালিয়ে যাব।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ Adam Bello (অ্যাডাম বেলো) বলেন, "সাশ্রয়ী এবং নিরাপদ হাউজিং আমাদের শহর ও কাউন্টির শক্তি এবং ভবিষ্যতের জন্য অপরিহার্য। আমি গভর্নর এবং তার টিমকে এই বড় খালি সম্পত্তিকে নতুন সাশ্রয়ী হাউজিং ইউনিটে রূপান্তরিত করার ব্যাপারে তাদের সৃজনশীলতা এবং প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাই, নতুন ইউনিটগুলি একা মানুষ থেকে শুরু করে পরিবার পর্যন্ত অনেক ধরনের বাসিন্দাদের জায়গা দিবে। এই বিনিয়োগ শুধু বাসিন্দাদের স্থিতিশীল বাসস্থানই দিবে না, বরং আশেপাশের কমিউনিটিকে পুনরুজ্জীবিত করবে এবং পরিবারের জন্য উন্নতির নতুন সুযোগ তৈরি করবে।"

রোচেস্টারের মেয়র Malik Evans (মালিক ইভান্স) বলেন, "রোচেস্টারে গভর্নর Hochul-এর (হোকল) কৌশলগত বিনিয়োগ বর্তমানে আমরা ডাউনটাউনে যে গতি ও রেনেসাঁ দেখছি, সেটিকে আরো জোরদার করতে সাহায্য করছে। Gateway Apartments সেই অগ্রগতির একটি শক্তিশালী উদাহরণ, যা একটি অনেক দিন খালি থাকা ভবনকে উন্নত মানের সাশ্রয়ী হাউজিংয়ে রূপান্তরিত করছে, একই সাথে আমাদের ডাউনটাউন রিভাইটালাইজেশন ইনিশিয়েটিভ (Downtown Revitalization Initiative) এলাকার কেন্দ্রে Main Street Commons-এর মতো ভবিষ্যৎ প্রজেক্টগুলিকে অগ্রসর করছে। এই বিনিয়োগ সকলের জন্য একটি আরো প্রাণবন্ত, সংযুক্ত এবং ইনক্লুসিভ শহর গড়ে তুলতে আমাদের প্রতিশ্রুতিকে তুলে ধরে। আমি গভর্নর

Hochul-কে (হোকল) তার ধারাবাহিক পার্টনারশিপ এবং রোচেস্টারের বাসিন্দাদের জন্য নিরাপদ, মানসম্মত ও সাশ্রয়ী হাউজিং নিশ্চিত করার প্রতি তার মনোযোগের জন্য তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

SAA | EVI-এর রিজিয়নাল হেড এবং পার্টনার Connor Kenney (কনর কেনেডি) বলেন, "10 বছর আগে আমি নিউ ইয়র্কের রোচেস্টারে ইন্টার্ন হিসেবে আমার সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট ক্যারিয়ার শুরু করি। এই শহরে ইতিবাচক প্রভাব রাখার সুযোগ পাওয়া অতি সন্তোষজনক। SAA|EVI টিম আমাদের সকল পার্টনারদের প্রতি কৃতজ্ঞ, যারা এই প্রজেক্টকে বাস্তবে রূপ দিতে আমাদের সাথে কাজ করেছেন। HCR এবং HFA, রোচেস্টারে সিটি, JPMorgan Chase, Redstone Equity, SWBR, Christa Construction এবং Cannon Heyman Weiss-এর সাথে কাজ করা অতি চমৎকার অভিজ্ঞতা। আমরা রোচেস্টার শহরের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ এবং আমাদের মূল লক্ষ্য, অর্থাৎ পুরো নিউ ইয়র্ক স্টেটে কম আয়ের বাসিন্দাদের জন্য উন্নত মানের সাশ্রয়ী হাউজিং সরবরাহ করাকে ধারাবাহিকভাবে অগ্রসর করতে আগ্রহী।"

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধানের জন্য এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং বাসযোগ্য করার জন্য নিবেদিত আছেন। 2023 অর্থবছর থেকে, গভর্নর আবাসন সরবরাহ বৃদ্ধি এবং এটিকে আরো সাশ্রয়ী করার লক্ষ্যে 25 বিলিয়ন মার্কিন ডলারের একটি পাঁচ-বছর মেয়াদী ব্যাপক আবাসন পরিকল্পনা চালু করেছেন, কয়েক দশকের মধ্যে সবচেয়ে গুরুত্বপূর্ণ আবাসন চুক্তি কার্যকর করেছেন এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR এমন নতুন প্রোগ্রাম তৈরি করেছে যা ভাড়াটিয়া এবং বাড়ির ক্রেতা সকলের জন্য সাশ্রয়ী এবং মিশ্র আয়ের বাড়ি নির্মাণ শুরু করতে সাহায্য করবে। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। পুরো স্টেটের 410-এর বেশি কমিউনিটি প্রো-হাউজিং হিসেবে সার্টিফাই করেছে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটি আছে।

গভর্নর Hochul (হোকল)-এর 2026 সালের স্টেট অব দ্য স্টেট এর অংশ হিসেবে, তিনি তার "লেট দেম বিল্ড (Let Them Build)" কর্মসূচি প্রস্তাব করেছেন; যা আবাসন ও অবকাঠামোগত উন্নয়ন ত্বরান্বিত করতে এবং খরচ কমাতে কতগুলো যুগান্তকারী সংস্কারের সমষ্টি। এই উদ্যোগটি নিউ ইয়র্কের স্টেট এনভায়রনমেন্টাল কোয়ালিটি রিভিউ অ্যাক্ট (State Environmental Quality Review Act, SEQRA)-এ বাস্তবসম্মত সংস্কার এবং নির্বাহী পদক্ষেপ গ্রহণ প্রক্রিয়াকে উৎসাহিত করবে যার লক্ষ্য হলো সেইসব গুরুত্বপূর্ণ প্রকল্পগুলোকে দ্রুত সম্পন্ন করা যেগুলোর পরিবেশগত কোনো নেতিবাচক প্রভাব নেই, কিন্তু দীর্ঘকাল ধরে আমলাতান্ত্রিক জটিলতা ও দীর্ঘসূত্রতার কবলে পড়ে আছে।

2027 অর্থবছরের নির্বাহী বাজেট গভর্নরের বর্তমান পাঁচ-বছর মেয়াদী আবাসন পরিকল্পনাকে পূর্ণতা দেবে, যার লক্ষ্য স্টেট ব্যাপী 100,000 সাশ্রয়ী বাড়ি নির্মাণ বা সংরক্ষণ করা, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়ক পরিষেবাসহ 10,000 আবাসন নিশ্চিত করার পাশাপাশি অতিরিক্ত 50,000 বাড়িকে বিদ্যুতায়নের আওতায় আনা অন্তর্ভুক্ত রয়েছে। এ পর্যন্ত 81,000-

এরও বেশি সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও হাজার হাজার নতুন সাশ্রয়ী হাউজিং নির্মাণকে দ্রুত করতে এক্সিকিউটিভ বাজেট ক্যাপিটাল তহবিলে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন